# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 08-01-2026 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) কয়লা পাচার মামলায় চালানো আজকের তল্লাশি নির্দিষ্ট প্রমাণ ভিত্তিক এবং এতে কোন রাজনৈতিক অভিসন্ধি নেই বলে ইডি এক বিবৃতিতে জানিয়েছে।

আজকের ঘটনার পরিপ্রেক্ষিতে ইডি কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে। আই প্যাকের পক্ষ থেকেও পাল্টা আদালতের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

২) বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা বলেছেন, দুর্নীতি, হিংসা, অপশাসন বাংলাকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে।

৩) শিক্ষা, চিকিৎসা সহ নানা কারণে অস্থায়ীভাবে বিদেশে বসবাসকারী ভোটারদের এস আই আর-এর শুনানি প্রক্রিয়ায় ছাড় দেওয়ার কথা ঘোষণা করেছে নির্বাচন কমিশন।

৪) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ এবছরের গঙ্গাসাগর মেলার আনুষ্ঠানিক সূচনা করেছেন।

৫) রাজ্যে শীতের প্রকোপ অব্যাহত থাকলেও আগামী রবিবার থেকে সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা বাড়ার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দফতর ।

ooooooooooooooooooooo

কয়লা পাচার মামলায় রাজ্যে, আই প্যাকের দপ্তরে চালানো তল্লাশি নির্দিষ্ট প্রমাণ ভিত্তিক এবং এই অভিযানে কোনো রাজনৈতিক অভিসন্ধি নেই বলে এনফোর্সমেন্ট ডিরেক্টোরেট- ইডি এক বিবৃতি জানিয়েছে। তারা বলেছে, অর্থ তছরুপের বিরুদ্ধে চালানো নিয়মিত তদন্তের'ই এটি অঙ্গ। এই বিবৃতিতে ইডি আরো জানিয়েছে, ২০২০ সালে অনুপ মাজি এবং অন্যদের বিরুদ্ধে CBI-এর দায়ের করা FIR-এর ভিত্তিতেই ইডি মামলা দায়ের করে। তদন্ত চলাকালীন দেখা যায়, অনুপ মাজি পশ্চিমবঙ্গে ECL-এর আওতাধীন এলাকা থেকে অবৈধভাবে খনন করে বাঁকুড়া, বর্ধমান, পুরুলিয়া এবং রাজ্যের অন্যান্য জেলার কারখানা ও প্লান্টে বিক্রি করতো। চালানো হত, হাওয়ালা চক্র'ও। এই হাওয়ালা চক্রের মাধ্যমেই আইপ্যাকের সঙ্গে কয়েক শো' কোটি টাকার আর্থিক লেনদেন হয়েছে বলে তদন্তে উঠে আসে। আজ রাজ্যের ছ'টি এবং দিল্লির চারটি জায়গায় অভিযান চালানো হয়।

বিবৃতিতে বলা হয়েছে, লওডন স্ট্রিটে আইপ্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়িতে গোটা প্রক্রিয়া শান্তিপূর্ণভাবে চলছিল। সেইসময়েই রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিপুল সংখ্যক পুলিশ বাহিনী নিয়ে প্রতীকের বাড়িতে গিয়ে নথিপত্র এবং ইলেকট্রনিক্স ডিভাইস তাঁদের কাছ থেকে ছিনিয়ে নেন। সেখান থেকে মুখ্যমন্ত্রী পৌঁছন আইপ্যাকের দপ্তরে। সেখানেও পুলিশ কর্মীরা জোর করে তথ্যপ্রমাণ সরিয়ে নিয়ে গেছে। এই ঘটনার ফলে অর্থ পাচার প্রতিরোধের আওতায় তদন্ত অভিযান বাধাপ্রাপ্ত হয়েছে বলে ইডি ওই বিবৃতিতে জানিয়েছে।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ইডি-র এই তল্লাশির কঠোর সমালোচনা করেছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

বিজেপি মুখ্যমন্ত্রীর ইডির আধিকারিকদের কাছ থেকে নথিপত্র ও ইলেকট্রনিক্স ডিভাইস ছিনিয়ে নিয়ে যাওয়ার ঘটনার নিন্দা করেছে। দলের রাজ্য সভাপতি শমীক

ভট্টাচার্য বলেছেন,মমতা ব্যানার্জি আজ নিজেই তার ভাবমূর্তির কফিনে শেষ পেরেক পুঁতে দিয়েছেন।

(বাইট – শমিক)

এই দুর্নীতির সঙ্গে তৃণমূল কংগ্রেস যে সম্পৃক্ত তা মুখ্যমন্ত্রীর ফাইল এবং হার্ডডিক্স নিয়ে চলে যাওয়ার ঘটনায় জনমনে প্রতিষ্ঠিত হয়েছে। তিনি বলেন, রাজ্যে প্রতিটি তদন্ত আদালতের নির্দেশে হচ্ছে। তাই এইভাবে ফাইল ছিনিয়ে নিয়ে গিয়ে মুখ্যমন্ত্রী সরাসরি আদালতকে অবমাননা,অপরাধী ও নিজের দলকে আড়াল করার চেষ্টা করেছেন। তিনি যেভাবে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও প্রতিরক্ষা মন্ত্রীকে আক্রমণ করেছেন তা নজিরবিহীন।

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন এইভাবে তদন্তে বাধা দেওয়া মুখ্যমন্ত্রীর পুরনো অভ্যাস।

আই প্যাকের অফিসে ঢুকে মুখ্যমন্ত্রীর নথীপত্র ছিনিয়ে নিয়ে যাবার নিন্দা করেছেন CPIM এর কেন্দ্রীয় কমিটির নেতা সুজন চক্রবর্তী। আজ আকাশবাণীর প্রশ্নের জবাবে তিনি বলেন, তৃনমূলকে সুযোগ করে দিতেই এরকম নাটক রচিত হলো

(বাইট – সুজন)

ooooooooooooooooooooo

আইপ্যাক সংস্থা ও তার কর্ণধারের বাড়িতে নির্বাচনের আগে হঠাৎ করে ED র অভিযান প্রসঙ্গে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেন, ED, CBI স্বাধীনভাবে, নিরপেক্ষভাবে কাজ করবে এটাই প্রত্যাশিত। কিন্তু বাস্তবে দেখা যায় নির্বাচন এগিয়ে আসলেই ED, CBI তৎপর হয়ে ওঠে। আজকের এই ইডি তল্লাশি পরিকল্পিত চিত্রনাট্য ছাড়া আর কিছু নয় বলে মন্তব্য করেন তিনি।

ooooooooooooooooooooo

**আজকের ঘটনার পরিপ্রেক্ষিতে ইডি** কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে। এদিন আইনজীবী ধীরজ ত্রিবেদী বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে জানান,

তাদের তদন্তের কাজে বাধা সৃষ্টি করা হচ্ছে। রাজ্যের মুখ্যমন্ত্রী ইডি আধিকারিকদের তদন্তে বাধা দিচ্ছেন। পাশাপাশি পুলিশ এ ব্যাপারে সম্পুর্ন নিষ্কিয়।অবিলম্বে আদালত হস্তক্ষেপ করুক এ বিষয়ে। বিচারপতি ঘোষ জানিয়েছেন, ইডি চাইলে মামলা দায়ের করতে পারে। আগামীকাল তিনি শুনানি করবেন মামলার।

অন্যদিকে, আই প্যাকের পক্ষ থেকেও পালটা আদালতের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। তাদের পক্ষ থেকে আইনজীবী সব্যসাচী ব্যানার্জি ও অয়ন ভট্টাচার্য বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে জানিয়েছেন, তাদের সমস্ত ফাইলপত্র হাতিয়ে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। অবিলম্বে ইডির এই তল্লাশির উপর স্থগিতাদেশ দেওয়া হোক। বিচারপতি জানিয়েছেন, মামলার ফাইল ছাড়া তিনি এই বিষয়ে শুনানি করতে পারবেননা। মামলা দায়ের করা হলে আগামীকাল তিনি এই বিষয়ে শুনানি করবেন।

oooooooooooooooooooo

কয়লা পাচার মামলায় আই প্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও সল্ট লেকের অফিসে তল্লাশির পর বেরিয়ে যায় ইডি। সল্টলেকের অফিস থেকে ইডি প্রচুর নথি নিয়ে যায় বলে খবর।

oooooooooooooooooooo

মমতা ব্যানার্জির সরকারের শাসনকালে দুর্নীতি, হিংসা,তোষণ এবং অপশাসন বাংলাকে ধ্বংসের দিকে ঠেলে দিয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা সমাজ মাধ্যমে এক বার্তায় বলেন, এই রাজ্য অনুপ্রবেশকারীদের নিরাপদ আশ্রয়স্থলে পরিণত হওয়ায় বাংলা যথেষ্ট ক্ষতিগ্রস্থ হয়েছে। প্রধানমন্ত্রীর নেতৃত্বে প্রত্যেক দলীয় কর্মী এই রাজ্যে বিজেপিকে ক্ষমতায় আনতে পূর্ণ নিষ্ঠার সঙ্গে কাজ করছে।

উল্লেখ্য, আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে রাজ্য সফররত শ্রী নাড্ডা আজ কলকাতায় দলের জেলা সভাপতি,আহ্বায়ক এবং প্রবাসী নেতাদের সঙ্গে এক সাংগঠনিক বৈঠকে সভাপতিত্ব করেন।

ooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ২০২৫ -ক্রীড়া জগতের মাইলফলক। বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক রূপক সাহার সঙ্গে কথা বলেছেন দিব্য দে ।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

ooooooooooooooooooooo

নির্বাচন কমিশন শিক্ষা, চিকিৎসা সহ নানা কারণে অস্থায়ীভাবে বিদেশে বসবাসকারী ভোটারদের জন্য SIR এর শুনানি প্রক্রিয়ায় ছাড় দেওয়ার কথা ঘোষণা করেছে। তাঁদের ব্যক্তিগতভাবে শুনানিতে হাজির হতে হবে না বলে স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জারি করা নির্দেশিকায় জানানো হয়েছে, পড়াশোনা, সরকারি কাজ, চিকিৎসা বা অন্য কোনও প্রয়োজনে যেসব ভোটার সাময়িকভাবে বিদেশে রয়েছেন, তাঁরা শুনানির দিন উপস্থিত থাকতে না পারলেও চলবে। ওই ক্ষেত্রে সংশ্লিষ্ট ভোটারের হয়ে পরিবারের কোনও অনুমোদিত সদস্য শুনানিতে হাজির হয়ে প্রয়োজনীয় নথি জমা দিতে পারবেন। তবে সেই পরিবারের সদস্যকে ভোটারের সঙ্গে সম্পর্কের প্রমাণপত্র দেখাতে হবে।নির্দেশিকায় আরও বলা হয়েছে, কমিশনের পূর্ববর্তী নির্দেশিকা অনুযায়ী যেসব নথি গ্রহণযোগ্য, সেই সব নথিই পরিবারের সদস্যের মাধ্যমে জমা দেওয়া যাবে। এই সুবিধা মূলত 'আনম্যাপড' ও 'লজিক্যাল ডিসক্রিপেন্সি' সংক্রান্ত মামলাগুলির ক্ষেত্রেই প্রযোজ্য হবে।

ooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ এবছরের গঙ্গাসাগর মেলার আনুষ্ঠানিক সূচনা করেছেন। আউট্রাম ঘাট সংলগ্ন গঙ্গাসাগর ট্রানজিট ক্যাম্প থেকে বিকেলে এক অনুষ্ঠানে তিনি মেলার উদ্বোধন করেন।

মুড়িগঙ্গা চ্যানেলে পারাপারের সময় ঘন কুয়াশায় দৃশ্যমানতা ঠিক রাখতে প্রতিটি মিনারে বিশেষ ফগ লাইটের ব্যবস্থা করা হয়েছে। আগামীকাল থেকে ১৭ তারিখ পর্যন্ত মেলার সঙ্গে সংশ্লিষ্ট সকলের এবং আগত পূণ্যার্থীদের জন্য রাজ্য সরকার পাঁচ লক্ষ টাকার বীমার ব্যবস্থা করেছে।

লট এইট, কচুবেড়িয়া, নামখানা, চেমাগুড়ি ও মেলা প্রাঙ্গণ মিলিয়ে মোট ১২৫ শয্যা বিশিষ্ট পাঁচটি অস্থায়ী হাসপাতাল তৈরি করা হয়েছে,এছাড়াও অসুস্থতা জনিত যেকোনো কঠিন পরিস্থিতির মোকাবিলা করতে একটি এয়ার অ্যাম্বুলেন্স তিনটি ওয়াটার অ্যাম্বুলেন্স সহ ১০০ টি অতিরিক্ত অ্যাম্বুলেন্স প্রস্তুত রাখা হয়েছে।

পুন্যার্থীদের যাতায়াতের জন্য রাজ্য পরিবহণ দফতর ১০-ই জানুয়ারী থেকে ১৭-ই জানুয়ারী পর্যন্ত বিশেষ বাস পরিষেবা দেবে। পশ্চিমবঙ্গ পরিবহণ নিগম WBTC ও দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম মোট ৫২০-টি গাড়ি পথে নামানোর সিদ্ধান্ত নিয়েছে।

এদিকে, মেলার সময় গঙ্গাসাগর যাতায়াতের জন্য প্রধান সড়ক ১১৭ নম্বর জাতীয় সড়কে ভিন্ন রাজ্য সহ এই রাজ্যে একাধিক যানবাহন চলাচল করায় দুর্ঘটনা এড়াতে রাজ্য সরকার বে-সরকারী বাস সংগঠনগুলিকে নিরাপত্তা আরও মজবুত করার কথা বলেছে। জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেটের তরফে কোয়াশার মধ্যে দুর্ঘটনা এড়াতে জোকা থেকে নামখানা পর্যন্ত দুই লেনের রাস্তার দু-ধারে খুঁটি বসানোর দাবি জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

পাহাড় থেকে সমতল শীতের প্রকোপ অব্যাহত থাকলেও আগামী রবিবার থেকে সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা বাড়তে পারে। আগামী এক সপ্তাহ রাজ্যে ঠান্ডা আবহাওয়া বজায় থাকবে। সমাজ মাধ্যমে আগামীকাল থেকে শৈত্য প্রবাহের আশঙ্কা সংক্রান্ত বিভিন্ন পোস্ট এর বিষয় খণ্ডন করে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস বলেন, আগামী কয়েকদিনে শৈত্য প্রবাহের কোন সতর্কতা নেই। উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী দুদিন ঘন কুয়াশার সতর্কতা রয়েছে, এর ফলে কমতে পারে দৃশ্যমানতা।

এদিকে , আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রার রেকর্ড করা হয় **১১** দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই দশমিক তিন ডিগ্রি কম। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় **২১** দশমিক **৯** ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ২ দশমিক ৮ ডিগ্রি কম। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় আগামী কয়েক দিন ন্যূনতম তাপমাত্রা **১১** থেকে **১৩** ডিগ্রির মধ্যে থাকবে।

(বাইট – হাবিবুর)

oooooooooooooooooooo

oooooooooooooooooooo